on line

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

স্মারক নম্বর ৪/এস/২৩৭৮ তারিখ ঃ ২/১১/২১

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ ঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সুধীর ঘোষ বালিকা উচ্চ বিদ্যালয় নামে নতুন প্রতিষ্ঠান স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৪৩৫ তারিখ ঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পাবনা জেলার সুজানগর উপজেলাধান সুধীর ঘোষ বালিকা উচ্চ বিদ্যালয় স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা প্রেরণ করা হলো।

2.11.21

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)
## বিদ্যালয় স্থাপনের জন্য
## পরিদর্শন ছক

স্কুলের নাম (প্রস্তাবিত) : সুধীর ঘোষ বালিকা উচ্চ বিদ্যালয়

স্কুলের ঠিকানা : ডাকঘর : খলিলপুর, উপজেলা : সুজানগর, জেলা : পাবনা

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

পরিদর্শনের তারিখ : ২৬/০৯/২০২১ খ্রিঃ

| ক্র: নং | বিষয় | নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ | বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল) | | মফস্বল এলাকায় অবস্থিত | শর্ত পূরণকৃত |
| ২. | বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব | | দিক \| বিদ্যালয়ের নাম \| প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব<br>উত্তর \| কামালপুর উচ্চ বিদ্যালয় \| ০৭ কিঃ মিঃ<br>দক্ষিন \| কোন শিক্ষা প্রতিষ্ঠান নাই ঘনবসতি ওপারে পদ্মা নদী \| --<br>পূর্ব \| খলিলপুর উচ্চ বিদ্যালয় \| ০২ কিঃ মিঃ<br>পশ্চিম \| নাজিরগঞ্জ স্কুল এন্ড কলেজ ও সাহিদা জলিল নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় \| ০৪ কিঃ মিঃ<br>০৩/১০/২০২১ খ্রিঃ তারিখের সনদ মূলে। | উপজেলা নির্বাহী অফিসার, পাবনা এর সনদ মূলে। (দূরত্ব সনদ সংযুক্ত) |
| ৩. | প্রস্তাবিত থানা/উপজেলার মোট জনসংখ্যা | | পাবনা জেলার সুজানগর উপজেলার মোট জনসংখ্যা- ২,৭৮,০৯৬ জন।<br>(২০১১ সালের আদমশুমারী অনুযায়ী)<br>০৩/১০/২০২১ খ্রিঃ তারিখের সনদ মূলে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, সুজানগর, পাবনা এর সনদ মূলে (সনদ সংযুক্ত) |
| ৪. | প্রস্তাবিত থানা/উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা | | **পাবনা জেলার সুজানগর উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা- ৪২ টি। তন্মধ্যে-**<br>১। সহশিক্ষা বিদ্যালয়ের সংখ্যা - ৩১ টি<br>২। মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সংখ্যা - ০৬ টি<br>৩। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা - ০২ টি<br>৪। নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সংখ্যা- ০৩ টি<br>সর্বমোট = ৪২ টি | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুজানগর, পাবনা এর সনদ মূলে (সনদ সংযুক্ত) |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় .............

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | | ০৩ টি<br>(১) কামালপুর উচ্চ বিদ্যালয়<br>(২) খলিলপুর উচ্চ বিদ্যালয়<br>(৩) নাজিরগঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ | শর্ত পূরণকৃত |
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | | উপজেলার মোট জনসংখ্যা অনপাতে মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রাপ্যতা আছে। | শর্ত পূরণকৃত |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ১০৫ শতক। | শর্ত পূরণকৃত |
| ৮. | জমি প্রাপ্তির উৎস | | উদ্যোক্তাদ্বয়ের নিজ নামীয় জমি ৯০ (নব্বই) শতাংশ এবং পার্শ্ববর্তী মালিকগণের ১৫ (পনের) শতাংশ, সর্বমোট- ১০৫ (একশত পাঁচ) শতক জমিই বিদ্যালয় স্থাপনের অনুমতি পাওয়া গেলে প্রস্তাবিত বিদ্যালয়ের নামে রেজিষ্ট্রি দলিল মূলে হস্তান্তর করবেন। | -- |
| ৯. | উদ্যোক্তা/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান | | (১) সুভাষ চন্দ্র ঘোষ, প্রকৌশলী ও ব্যবসায়ী। পিতা- সুধীর কুমার ঘোষ যিনি স্কুল শিক্ষক ছিলেন। গ্রাম- হাসামপুর, ইউনিয়ন- নাজিরগঞ্জ, উপজেলা- সুজানগর, জেলা- পাবনা। সুভাষ ঘোষ গত পঞ্চাশ বছর যাবত এলাকার যত শিক্ষিত-অর্ধশিক্ষিত বেকার ছেলে ছিল তাদের প্রায় সকলেরই কোন না কোন কাজে নিয়োজিত করেছেন। তাদের মধ্য থেকে অনেকেই উদ্যোক্তা হয়েছেন। অনেকের ছেলে-মেয়ে বিদেশে উচ্চ শিক্ষা লাভ করে দেশে ফিরে প্রতিষ্ঠিত হয়েছে, অনেকে বিদেশে স্থায়ী হয়েছে। নিজ গ্রাম হাসামপুরে এলজিআরডি-এর মাধ্যমে ব্রীজ কনষ্ট্রাকশনের ব্যবস্থা করেছেন। গ্রামের হাট, মন্দির স্থাপনের ব্যবস্থা করেছেন। পার্শ্ববর্তী নাজিরগঞ্জ এবং খলিলপুর উচ্চ বিদ্যালয়ের গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীর জন্যে বাবা সুধীর ঘোষ এর নামে প্রতি বছর বৃত্তির ব্যবস্থা করেছেন যা গত ১৯৯৭-৯৮ সাল থেকে আজ অবধি চলে আসছে। সুভাষ ঘোষ বর্তমানে নিজ লিমিটেড কনষ্ট্রাকশন কোম্পানী যা বর্তমানে বাংলাদেশের অন্যতম বৃহত্তম প্রতিষ্ঠান তার চেয়ারম্যান পদে অধিষ্ঠিত এবং ঢাকার বারিধারায় বাস করছেন।<br>(২) ডাঃ সঞ্জীব কুমার ঘোষ, এম.বি.এস. ডাক্তার। পিতা- সুধীর কুমার ঘোষ, গ্রাম- হাসামপুর, ইউনিয়ন- নাজিরগঞ্জ, উপজেলা- সুজানগর, জেলা- পাবনা। বর্তমান ঢাকার বসুন্ধরায় বাস করছেন। ডাঃ সঞ্জীব ঘোষ সরকারি চাকুরী থেকে গত ২০১০ সালে অবসর গ্রহণের পর বর্তমান সময় পর্যন্ত প্রাইভেট প্রাকটিস করছেন। তিনি চাকুরীকালীন সময় থেকে বর্তমান সময় পর্যন্ত এলাকার লোকদের চিকিৎসা বিষয়ক সবরকম সাহায্য সহযোগিতা করে আসছেন। | শর্ত পূরণকৃত |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় .............

০১/১০/২০২৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | প্রস্তাবিত সুধীর ঘোষ বালিকা উচ্চ বিদ্যালয় মফস্বল এলাকায় অবস্থিত। মফস্বল এলাকায় অবস্থান হলেও যোগাযোগ ব্যবস্থা খুবই ভালো। নিকটবর্তী এলাকার উচ্চ বিদ্যালয় গুলির অবস্থান মেয়েদের জন্যে অনেকটাই দূরে অবস্থিত। পূর্ব দিকের খলিলপুর স্কুলের দূরত্ব ২ কিঃ মিঃ, পশ্চিম দিকে নাজিরগঞ্জ স্কুলের দূরত্ব ৪ কিঃ মিঃ, উত্তর দিকে কামালপুর স্কুলের দূরত্ব প্রায় ৭ কিঃ মিঃ এবং দক্ষিণ দিকে প্রাথমিক বিদ্যালয় ব্যতীত কোন উচ্চ বিদ্যালয় নাই এবং পদ্মা নদীর অবস্থান। বিশেষ করে প্রস্তাবিত বিদ্যালয়ের চারদিকে ৭ টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় ব্যতীত কোন উচ্চ বা মাধ্যমিক বিদ্যালয় নাই। যার ফলে হাসামপুর গ্রামে একটা বালিকা বিদ্যালয়ের বিশেষ প্রয়োজনীয়তা আছে যেখানে উচ্চ মানের শিক্ষা এবং মেয়েদের জন্যে আদর্শ পরিবেশ থাকবে। | শর্ত পূরণকৃত |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | উদ্যোক্তা, সুভাষ ঘোষ যেহেতু আর্থিকভাবে খুবই স্বচ্ছল সুতরাং প্রয়োজনীয় অর্থের সংস্থান করতে কোনই অসুবিধা হবে না। | শর্ত পূরণকৃত |

১২. পরিদর্শন কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৪৩৫ তারিখ ঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ পত্রের নির্দেশনা মোতাবেক পাবনা জেলার সুজানগর উপজেলাধীন **"সুধীর ঘোষ বালিকা উচ্চ বিদ্যালয়"** নামে নতুন একটি প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন পূর্বক পরিদর্শন মন্তব্য নিম্নে উপস্থাপন করা হ'ল।

আলোচ্য প্রতিষ্ঠানটি পাবনা জেলার সুজানগর উপজেলা শহরতলীতে সুন্দর ও মনোরম পরিবেশে অবস্থিত। শহরতলী ও মফস্বল এলাকায় অবস্থিত এই প্রতিষ্ঠানটির যোগাযোগ ব্যবস্থা, ভৌগোলিক অবস্থান ও ভৌত অবকাঠামো ভাল। প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়টি অত্যন্ত সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে প্রতীয়মান হয়। পরিদর্শনকালে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। প্রস্তাবিত প্রতিষ্ঠান সংলগ্ন ০২ (দুই) কিলোমিটারের মধ্যে কোন বিদ্যালয় না থাকায় প্রতিষ্ঠানটি স্থাপিত হলে অত্র অঞ্চলে শিক্ষার প্রসারে অবদান রাখার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"সুধীর ঘোষ বালিকা উচ্চ বিদ্যালয়"** নামে নতুন প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

2.11.2021

**(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)**
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

০৩/১০/২০২২